# রাজশাহী সিটি কর্পোরেশন
## রাজশাহী

## ২২/০১/২০২৪ মাসিক সভার কার্যবিবরণী :

**সভার তারিখ** : ২২ জানুয়ারী, ২০২৪ সোমবার

মুলতবি সভা : ২৪ জানুয়ারী, ২০২৪ বুধবার

সময় : সকাল ১১:৩০ ঘটিকা

সভার স্থান : প্রধান স্বাস্থ্য কর্মকর্তার দপ্তর কক্ষে

সভায় সভাপতিত্ব করছেন : জন্ম ও মৃত্যু নিবন্ধন স্থায়ী কমিটির সভাপতি জনাব মোঃ রজব আলী ও সন্মানিত কাউন্সিলর, ওয়ার্ড- ০১, রাজশাহী সিটি কর্পোরেশন।

**সভায় উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা 'ক' পরিশিষ্টে উল্লেখ আছে।**

সভার শুরুতেই সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার কাজ শুরু করেন।

আলোচ্য সূচী ঃ **নতুন কমিটির পরিচিতি প্রসঙ্গে।**

**আলোচনা** ঃ নতুন কমিটির পরিচিতি প্রসঙ্গে আলোচনায় সভাপতি সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। এরপর তিনি গত ১৫/১১/২০২৩ ইং তারিখে স্মারক নং- ৪৬.১২.০০০.০০৩.০৬.১৩৬.১৭.২৯৯(৪৫) তারিখ ঃ ২১/১২/২০২৩ এর মাধ্যমে স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন ২০০৯ এর ৫০(১) ও ৫০(২) ধারার প্রদত্ত ক্ষমতাবলে ২য় সাধারণ সভার সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে সম্মানিত কাউন্সিলরগণের সমন্বয়ে মোট ২০টি স্থায়ী কমিটি গঠন করা হয়েছে জানিয়ে গঠিত কমিটির মেয়াদ গত ১৫/১১/২০২৩ তারিখ হতে কার্যকরের ভিত্তিতে ২ বছর ৬ মাস সময়ের জন্য বলবৎ থাকবে বলে তিনি জানান। আলোচনার এ পর্যায়ে নতুন কমিটির পরিচয় ও কমিটি পরিচালনার জন্য এ কমিটির সদস্য সচিব হিসেবে প্রধান স্বাস্থ্য কর্মকর্তাকে অনুরোধ জানান। প্রধান স্বাস্থ্য কর্মকর্তা উপস্থিতিদের সালাম ও কুশল বিনিময় করে সভাকে জানান যে ৫ সদস্য বিশিষ্ট জন্ম-মৃত্যু নিবন্ধন ব্যবস্থাপনা স্থায়ী কমিটি গঠিত হয়েছে যা- (১) মোঃ রজব আলী, সভাপতি জন্ম ও মৃত্যু নিবন্ধন স্থায়ী কমিটি,রাসিক, সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড- ০১ (২) জনাব মোঃ মাহাতাব হোসেন চৌধুরী,সদস্য, সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড- ২৩ (৩) জনাব আলিফ-আল-মাহমুদ লুকেন, সদস্য, সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড- ২৫ (৪) সুলতানা আহমেদ সাগরিকা, সদস্য, সম্মানিত কাউন্সিলর, সংরক্ষিত আসন- ০৭ (৫) জনাব ডা: এফ এ এম আঞ্জুমান আরা বেগম প্রধান স্বাস্থ্য কর্মকর্তা, সদস্য সচিব।

সিদ্ধান্ত ঃ উপরোক্ত আলোচনার প্রেক্ষিতে সভা কমিটির কার্যক্রম জনস্বার্থে সুষ্ঠু ও সুন্দর ভাবে পালনে সকলকে সর্বাত্নক সহযোগীতা আহব্বান করেন।

**আলোচ্য সূচী- ২** ঃ জন্ম ও মৃত্যু নিবন্ধন শাখার কার্যক্রম বিষয়ক আলোচনার জন্য সদস্য সচিব জন্ম ও মৃত্যু নিবন্ধন কর্মকর্তা ২ নং আলোচ্য সূচী আলোচনার জন্য অনুরোধ জানান। আলোচনায় অংশ নিয়ে জনাব নাজমা খাতুন জন্ম

ও মৃত্যু নিবন্ধন সংক্রান্ত সার্বিক তথ্য উপস্থাপন করেন। তিনি সভাকে জানান যে, উক্ত কার্যক্রমে রাজশাহী সিটি কর্পোরেশন ২০২১ ও ২০২২ সালে পরপর দুইবার প্রথম স্থান অধিকার করেন। ১৬টি গোরস্থান ও ২টি শ্বশ্মানঘাট থেকে কেয়ারটেকার হতে দাফনের রশিদ দেখে মৃত ব্যক্তিদের নাম ঠিকানা রেজিষ্টারভুক্ত করণ, মৃত্যুর প্রত্যয়ন প্রদান প্রতিদিন, জন্ম মৃত্যু নিবন্ধনের উপর সাপ্তাহিক, পাক্ষিক, মাসিক, ত্রৈমাসিক, মিটিং, তথ্য সংগ্রহ ও রিপোর্ট প্রস্তুত করে কর্তৃপক্ষের কাছে উপস্থাপন, জন্ম ও মৃত্যু নিবন্ধন স্থায়ী কমিটির সভা এবং তার রেজুলেশন প্রস্তুত করে জি.এম.মিটিং এবং রাজশাহী বিভাগীয় কমিশনার এর কার্যালয়ে প্রেরন, প্রতিমাসে ১ তারিখের মধ্যে এ.পি.এ. রিপোর্ট প্রস্তুতকরণ, ৩০টি ওয়ার্ড কার্যালয় হতে নিবন্ধনকৃত সনদের ফি জমা প্রদানের রশিদ সংগ্রহ ও সংরক্ষণ এবং অর্থ স্থায়ী কমিটিতে রিপোর্ট পেশ করা। জন্ম ও মৃত্যু নিবন্ধন ও সনদ প্রদানে ওয়ার্ড কার্যালয়ের সঙ্গে সমন্বয় রাখা। তিনি আরো বলেন যে, বিভাগীয় কমিশনারের কার্যালয় হতে আগত ত্রৈমাসিক সভার কার্যবিবরণীতে উল্লেখ্য যে রাজশাহী সিটি কর্পোরেশনের ত্রৈমাসিক রিপোর্ট জনসংখ্যা অনুযায়ী ৫,২৮,২৭৩ জন্ম নিবন্ধনের লক্ষ্যমাত্রা ছিল ১৯৬৮ অর্জিত হয়েছে ৮৭৯ যার শতকরা হার মাত্র ৪৫%, অনুরূপ মৃত্যু নিবন্ধনের লক্ষ্যমাত্রা ছিল ৮১৯ অর্জিত হয়েছে ৪৩৩ যার শতকরা হার মাত্র ৫৩%। কার্যবিবরণীর সিদ্ধান্তে রাজশাহী সিটি কর্পোরেশনের অভ্যন্তরে ০-১ বছরের মধ্যে জন্ম নিবন্ধন ১০০% এবং মৃত্যুবরণকারী সকল ব্যক্তির মৃত্যুর ০১ বছরের মধ্যে মৃত্যু নিবন্ধন ৮০% নিশ্চিত করতে হবে। ইপিআই কার্ড ও রেজিষ্ট্রারে জন্ম নিবন্ধন নম্বর লিখার ব্যবস্থাকরণ প্রথম ডোজ টিকার দিনে জন্ম নিবন্ধন সনদ দেখাতে না পারলে পিতা মাতা/ অভিভাবককে জন্ম নিবন্ধনের আইনি দায়িত্ব বুঝিয়ে দেওয়া এবং এর জন্য আবেদন করতে পরামর্শ প্রদান ও দ্বিতীয় ডোজের দিনেও জন্ম নিবন্ধন সনদ দেখাতে না পারলে তৃতীয় ডোজ টিকা গ্রহণের সময় জন্ম নিবন্ধন কার্ড থাকা বাধ্যতামূলক তা সতর্ক করা। সকল নিবন্ধক কার্যালয়ে ও ইপিআই টিকা সেন্টার গুলোতে জন্ম ও মৃত্যু নিবন্ধন আইন অনুসারে ০-৩৬৫ দিনের মধ্যে জন্ম নিবন্ধন না করা শাস্তিযোগ্য অপরাধ তা ব্যানার আকারে ঝুলাতে হবে।

**সিদ্ধান্ত** ঃ উপরোক্ত আলোচনার প্রেক্ষিতে সভা জন্ম ও মৃত্যু নিবন্ধন শাখার কাজ সুষ্ঠুভাবে পরিচালনার জন্য আরও বেশী উদ্দ্যমী হয়ে সকল কার্যক্রম যথাযথ ভাবে চালিয়ে যাওয়া ও অর্জিত সম্মান ধরে রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।

১। সকল নিবন্ধক কার্যালয়ে ও ইপিআই টিকা সেন্টার গুলোতে জন্ম ও মৃত্যু নিবন্ধন আইন অনুসারে ০-৩৬৫ দিনের মধ্যে জন্ম নিবন্ধন না করা শাস্তিযোগ্য অপরাধ তা ব্যানার আকারে ঝুলাতে হবে। জন্ম নিবন্ধন না করলে আইনানুগ শাস্তিযোগ্য অপরাধ বলে গণ্য হবে এবং উক্ত ব্যাক্তিকে ৫০০০ (পাঁচ হাজার ) টাকা জরিমানা অনাদায়ে ১ বছরের সশ্রম কারাদন্ডে দন্ডিত করা হবে।

২। সকল ওয়ার্ডের সম্মানিত কাউন্সিলর , সাধারন ওয়ার্ড /সংরক্ষিত আসন, ওয়ার্ড সচিব, ডাটা এন্ট্রি অপারেটর, স্বাস্থ্য সহকারী (টিমলিডার) দের সাথে আগামী ৪ ফেব্রুয়ারী ২০২৪ জন্ম ও মৃত্যু নিবন্ধন টাস্কফোর্স কমিটি সভা অনুষ্ঠিত হবে।

আর কোন আলোচনা না থাকায় সভার সভাপতি উপস্থিত সবাইকে আবারো ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

( মোঃ রজব আলী )
সভাপতি

জন্ম ও মৃত্যু নিবন্ধন ব্যবস্থাপনা স্থায়ী কমিটি ও
সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড নং- ০১
রাজশাহী সিটি কর্পোরেশন।

স্মারক নং- ৪৬.০৮.৬১০০.০০৮.০৮.১৫০.২১ তারিখঃ

অনুলিপি ঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলো।

১। পরিচালক, স্থানীয় সরকার,বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী বিভাগ, রাজশাহী।

২। সম্মানিত কাউন্সিলর , সাধারন ওয়ার্ড /সংরক্ষিত আসন নং- রাজশাহী সিটি কর্পোরেশন।

৩। মাননীয় মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য তাঁর একান্ত সচিব, রাজশাহী সিটি কর্পোরেশন।

৪। জনাব........................................................................ বিভাগীয় প্রধান/শাখা প্রধান, রাসিক।

৫। প্রধান নির্বাহী কর্মকর্তার অবগতির জন্য তার ব্যক্তিগত সহকারী, রাজশাহী সিটি কর্পোরেশন।

৬। সচিব’র অবগতির জন্য তার ব্যক্তিগত সহকারী, রাজশাহী সিটি কর্পোরেশন।

৭। অফিস নথি।

সদস্য সচিব
জন্ম ও মৃত্যু নিবন্ধন স্থায়ী
কমিটি
ও
প্রধান স্বাস্থ্য কর্মকর্তা
রাজশাহী সিটি
কর্পোরেশন।

**পরিশিষ্ট”ক”**

১. মোঃ রজব আলী, সভাপতি, জন্ম ও মৃত্যু নিবন্ধন স্থায়ী কমিটি ও সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড-০১, রাসিক।
২. জনাব আলিফ-আল-মাহামুদ লুকেন, সদস্য, জন্ম ও মৃত্যু নিবন্ধন স্থায়ী কমিটি ও সম্মানিত, কাউন্সিলর,ওয়ার্ড- ২৫, রাসিক।

৩. জনাব মোঃ মাহাতাব হোসেন চৌধুরী, সদস্য, জন্ম ও মৃত্যু নিবন্ধন স্থায়ী কমিটি ও সম্মানিত, কাউন্সিলর,ওয়ার্ড-২৩, রাসিক।

৪. জনাব সুলতানা আহমেদ সাগরিকা,সদস্য, জন্ম ও মৃত্যু নিবন্ধন স্থায়ী কমিটি ও সম্মানিত, কাউন্সিলর,সংরক্ষিত আসন-০৭, রাসিক।

৫. জনাব ডাঃ এফ.এ.এম আঞ্জুমান আরা বেগম, সদস্য সচিব, জন্ম ও মৃত্যু নিবন্ধন স্থায়ী কমিটি ও প্রধান স্বাস্থ্য কর্মকর্তা, রাসিক।